



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং: ঢাশিবো/বিদ্যালয়/বিবিধ/৮১৬

তারিখ: ১০/০৭/২০২৩

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: জেএসসি পরীক্ষা বাতিল হওয়ায় অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা নিম্নবর্ণিত প্রক্রিয়ায় গ্রহণ করা হবে এবং এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য শিথিলযোগ্য বয়সসীমা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯১.০০১.২৩-৩০৭; তারিখ: ০৫/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

১. জেএসসি পরীক্ষা বাতিল হওয়ায় ২০২৪ সাল থেকে নতুন শিক্ষাক্রম অনুযায়ী অষ্টম শ্রেণির মূল্যায়ন পরিচালিত হবে বিধায়, শুধু এক বছর অর্থাৎ ২০২৩ সালের জন্য নতুন কোনো প্রক্রিয়ায় না গিয়ে জেএসসি পরীক্ষার অনুকরণে নির্ধারিত নম্বর বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা জেএসসি পরীক্ষার সিলেবাসে অনুষ্ঠিত হবে। অর্থাৎ জেএসসি পরীক্ষার আগে যে প্রক্রিয়ায় অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, সে প্রক্রিয়ায় অনুষ্ঠিত হবে। এবং
২. অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বোর্ডের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
৩. বিশেষ চাহিদা সম্পন্ন শিশু তার জন্মগত প্রতিবন্ধকতার কারণে সাধারণ শিশুদের মত স্বাভাবিক সময়ে শিক্ষা গ্রহণ করতে পারে না। সাধারণ শিক্ষার্থীদের তুলনায় তাকে গড়ে তুলতে বেশি সময়ের প্রয়োজন হয়। ফলে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনের বয়স-সীমা ১৪ হতে ২৫ বছর পর্যন্ত করা হয়েছে। সেক্ষেত্রে শিক্ষার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজে নিবন্ধন আবশ্যিক।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং-৮১৬(১২)

তারিখ: ১০/০৭/২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৮। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ১১। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১২। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।